

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১১২.১৮.০০১৮.২৬.৫২৩

তারিখ: ০৩ আষাঢ় ১৪৩৩
১৭ জুন ২০২৬

বাসা বরাদ্দের বিজ্ঞপ্তি

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কোটাভুক্ত সি শ্রেণির বরাদ্দযোগ্য নিম্নবর্ণিত ০২ (দুই) টি খালি বাসা বরাদ্দ প্রদান করা হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থায় কর্মরত কর্মচারীদের মধ্যে যারা বাসা বরাদ্দ পেতে ইচ্ছুক তাদের নিকট হতে গ্রেড ও মূল বেতনের ভিত্তিতে প্রাপ্যতানুযায়ী বর্ণিত শর্তাবলী অনুসরণ করে সংযুক্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে:


সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কোটাভুক্ত বি এবং সি শ্রেণির বরাদ্দযোগ্য/খালি বাসার তালিকা এবং বরাদ্দ প্রাপ্তির যোগ্যতা:

ক্রমিক	বাসার নম্বর ও ঠিকানা	বাসার শ্রেণি	বরাদ্দ প্রাপ্তির যোগ্যতা	
			কর্মচারীর গ্রেড	সর্বনিম্ন মূল বেতন
১	২	৩	৪	৫
১	বি-১৮/জি-১৪ মতিঝিল সরকারি কলোনী মতিঝিল, ঢাকা	সি-১	গ্রেড-১২, ১৩ এবং ১৪	১৩,০৫০/-টাকা ৪ নম্বর কলামে উল্লিখিত গ্রেডে
২	হিন্দোল-খ/৫০৫ আগারগাঁও তালতলা সরকারি কলোনী আগারগাঁও, ঢাকা	সি-২	গ্রেড-১৪, ১৫, এবং ১৬	১১,৮৯০/-টাকা ৪ নম্বর কলামে উল্লিখিত গ্রেডে

শর্তাবলী:

১. Bangladesh Allocation Rules, 1982 অনুসারে বরাদ্দের প্রাধিকার ও জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
২. বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত বাসা বরাদ্দের আবেদনপত্র ও আবেদন ফরম ডাউনলোড করে উক্ত ফরমে আবেদন করতে হবে; অসম্পূর্ণভাবে পূরণকৃত আবেদন গৃহীত হবে না;
৩. প্রয়োজনীয়ক্ষেত্রে আবেদনে বর্ণিত তথ্যাবলির উপযুক্ত প্রমাণক দাখিল করতে হবে;
৪. তথ্য গোপন করে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে ইস্যুকৃত বরাদ্দপত্র Bangladesh Allocation Rules, 1982 এর সাথে সাংঘর্ষিক হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বরাদ্দপত্র প্রত্যাহার অথবা বাতিলের এখতিয়ার এ মন্ত্রণালয় সংরক্ষণ করে;
৫. বাসা খালি থাকলে বরাদ্দ আদেশ প্রাপ্তির ০১ (এক) মাসের মধ্যে বাসার দখল না নিলে তার বরাদ্দ স্বয়ংক্রিয়ভাবে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে;
৬. আগামী ৩০ জুন ২০২৬ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার পরে প্রাপ্ত আবেদন আসন্ন বাসা বরাদ্দ কমিটির সভায় বিবেচিত হবে না।

সংযুক্তি: যথাবর্ণনা।


(ফারজানা জেসমিন)
উপসচিব

ফোন: ০২-৫৫১০০৭৩৮
e-mail: ds_admin2@moca.gov.bd

বিতরণ : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
- ০৫। কপিরাইট রেজিস্ট্রার, বাংলাদেশ কপিরাইট অফিস, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০৬। যুগ্মসচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। একান্ত সচিব, সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।